

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ : ১০/০৭/২০১৮ খ্রি.

ফাযিল ও কামিল শ্রেণির নির্বাচনী পরীক্ষা ও ফরম পূরণ সংক্রান্ত নোটিস

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা'র ফাযিল স্নাতক (পাস) ২য় বর্ষ (অনিয়মিত ও প্রাইভেট), ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা-২০১৭ এবং কামিল স্নাতকোত্তর ২য় পর্ব (অনিয়মিত) পরীক্ষা-২০১৬ এর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৭/২০১৮ তারিখ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় ১১৩ নং কক্ষে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

ক. বিলম্ব ফি ছাড়া ফরম পূরণ ১৬/০৭/২০১৮ হতে ১৭/০৭/২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

খ. ফরম পূরণের জন্য ফাযিল ২য় ও ৩য় বর্ষের এবং কামিল ২য় পর্বের ভর্তির রশিদ সঙ্গে আনতে হবে।

গ. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে যারা উত্তীর্ণ হয়েছে তারা ফরম পূরণের সুযোগ পাবে। যারা নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়নি এবং যারা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা সাপ্লিমেন্টারী পরীক্ষায় অংশগ্রহণ করে ফরম পূরণের সুযোগ পাবে। সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য উপাধ্যক্ষের অফিস কক্ষে এবং হেড মাওলানার অফিস কক্ষে যোগাযোগ করতে হবে।


ঘ. সংশ্লিষ্ট কক্ষের সামনে রক্ষিত বোর্ড থেকে সিরিয়াল ও রেজিস্ট্রেশন নম্বর সংগ্রহ করতে হবে। তারপর সংশ্লিষ্ট শিক্ষকের নিকট থেকে ফরম পূরণের ফি জমা দেওয়ার রশিদ সংগ্রহ করতে হবে। যথাযথভাবে রশিদ পূরণ করে ও রশিদের উপরে সিরিয়াল ও রেজিস্ট্রেশন নম্বর লিখে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর নিয়ে মাদরাসার ক্যাশিয়ারের নিকট টাকা জমা দিতে হবে।

*** ফরম পূরণের টাকা জমা দেওয়ার রশিদের পিছনের অংশে পিতা ও মাতার নাম অবশ্যই লিখতে হবে এবং মোবাইল নম্বর সঠিকভাবে লিখতে হবে।**

ঙ. ফরম পূরণের জন্য ১০৭নং কক্ষ (ইংরেজি বিভাগে) যোগাযোগ করতে হবে।

চ. সকাল ১০.০০ ঘটিকা থেকে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত ফরম পূরণের কাজ চলবে।

বি.দ্র: উল্লিখিত তারিখের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ
আইডি নং-০০৯৪৯০
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।
প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ
অধ্যক্ষ

সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।